অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/29/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে জুন 8 এ নিউ ইয়র্ক সিটি পুনরায় খোলার ফেজ ওয়ানে প্রবেশ করবে এবং পাঁচটি অঞ্চল আজ পুনরায় খোলার দ্বিতীয় ধাপে প্রবেশ করছে

ঘোষণা করছেন যে কঠোর নিরাপত্তা এবং সামাজিক দূরত্বের নীতিমালা অনুসরণ করে অতিরিক্ত শিল্প আজ সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি ও সাউদার্ন টায়ারে খোলা যেতে পারে ফেজ 2 এর অংশ হিসেবে

প্রারম্ভিক সতর্কতার ব্যবস্থার ড্যাশবোর্ড বাস্তবায়ন করবে নিউ ইয়র্ক রাজ্যের COVID-19 ডেটা কাউন্টি, আঞ্চলিক, রাজ্য এবং বিশ্বব্যাপী বিশেষজ্ঞদের সঙ্গে অংশীদারিত্বে একত্রিত এবং সংগঠিত করা

নিউ ইয়র্ক স্টেটে আরো 1,551 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 48 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 368,284-তে নিয়ে আসে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক শহর জুন 8 থেকে পুনরায় খোলার ফেজ 1 এ প্রবেশ করবে এবং আরও পাঁচটি অঞ্চল — সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহাক ভ্যালি, নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টায়ার — আজ থেকে পুনরায় খোলার ফেজ 2 এ প্রবেশ করতে পারে। ফেজ 2 অফিস-ভিত্তিক কর্মী, রিয়েল এস্টেট পরিষেবা, দোকান থেকে খুচরা কেনাকাটা এবং কিছু নাপিতের দোকানের পরিষেবা পুনরায় শুরু করার অনুমতি দেবে। প্রতিটি শিল্প নিরাপত্তা এবং সামাজিক দূরত্ব সর্বাধিক করার জন্য রাজ্যের নির্দিষ্ট নির্দেশিকার অধীনে কাজ করবে। রাজ্যের পুনরায় খোলার পরিকল্পনার ফেজ 2 এর জন্য ব্যবসায়িক নির্দেশনা এখানে পাওয়া যাবে।

গভর্নর কুওমো একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন করার ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কবাসীদের সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করবে যাতে চলমান ভিত্তিতে পর্যবেক্ষণ করা যায় ভাইরাসটি কিভাবে সংবরণ করা যেতে পারে। এটি নতুন সংক্রমণ এবং তাদের তীব্রতা, অঞ্চল দ্বারা হাসপাতালের ধারণ ক্ষমতা এবং অন্যান্য মেট্রিক্স ট্র্যাক করে। আন্তর্জাতিকভাবে পরিচিত বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করে নিউ ইয়র্ক স্টেটের প্রারম্ভিক সতর্কিকরণ সিস্টেম ড্যাশবোর্ড গড়ে তোলা হয়েছে যারা নিউ ইয়র্ককে পরামর্শ দিচ্ছিলেন। প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড পাওয়া যাবে এখানে।

"মনে রাখবেন যে পুনরায় খোলা মানে এই নয় যে আমরা আগে সব কিছু যেমন ছিল তেমন অবস্থায় ফিরে যাচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "জীবন সার ফিরে যাওয়া নয়। কেউ ফিরে যায় না। আমরা এগিয়ে যাই। এবং এবার অন্যরকম হবে। এবার এক নতুনভাবে আবার খোলা হবে — এক আরো নিরাপদ স্বাভাবিক অবস্থায়। মানুষ মুখোশ পরে থাকবে আর সামাজিকভাবে দূরে থাকবে — এটা আলাপচারিতার এক নতুন উপায়, যা আমাদের করতে হবে। মুখোশ পরতে হবে, পরীক্ষা করাতে হবে এবং সামাজিকভাবে দূরত্ব বজায় রাখতে হবে।"

মিনেসোটা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ইনফেকসাস ডিজিজ রিসার্চ অ্যান্ড পলিসির (Center for Infectious Disease Research and Policy) পরিচালক ড. মাইকেল ওস্টারহোলম বলেন, "নিউ ইয়র্ক রাজ্যের প্রথম 5টি অঞ্চলকে ফেজ 1 থেকে ফেজ 2 এ এগিয়ে যাওয়ার জন্য সবুজ সংকেত দেওয়া হয়েছে, এবং এটা খুবই গুরুত্বপূর্ণ যে নতুন সংক্রমণ, হাসপাতালে ভর্তি এবং হাসপাতালের ধারণ ক্ষমতা পর্যবেক্ষণের জন্য সময়োপযোগী ডেটা উপলব্ধ থাকে। নিউ ইয়র্ক স্টেটের নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড ঠিক তাই করে — এটি রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীদের এবং তাদের পরিবারের সুরক্ষার জন্য সরকারের প্রচেষ্টায় স্বচ্ছতা যোগ করতে সাহায্য করবে।"

ইম্পেরিয়াল কলেজ লন্ডনের জিওস্ট্যাটিস্টিক্সের লেকচারার (অ্যাসোসিয়েট প্রফেসর), সংক্রামক রোগ এপিডেমিওলজি বিভাগের (Department of Infectious Disease Epidemiology, Imperial College London) অধ্যাপক ড. সামির ভাট বলেন, "নিউইয়র্ক দলের পাশাপাশি কাজ করার এবং তারা এত অল্প সময়ে যা সম্পন্ন করেছে তা দেখার সৌভাগ্য আমার হয়েছে। আমরা এখনও একটি অনিশ্চিত সময় বাস করছি, এবং নীতি যতটা সম্ভব অবহিত অবস্থায় অব্যাহত রাখতে হবে প্রমাণের জতগুলি সম্ভব সূত্র ব্যবহার করে এবং এই প্রমাণ সবার দেখার জন্য উপলব্ধ থাকা উচিত। এই COVID ড্যাশবোর্ড নিউ ইয়র্কে বসবাসকারীদের সবাইকে তাদের অঞ্চলে যা ঘটছে তার সব কিছু দেখায়। নিউ ইয়র্ক যখন ফেজ 1 থেকে ফেজ 2 পর্যন্ত কিছু অঞ্চল সরানো শুরু করছে, এই মেট্রিক্স রোগ ট্র্যাক করার জন্য একটি বলিষ্ঠ ভিত্তি প্রদান করে। প্রথমত, পরীক্ষার লক্ষ্যমাত্রা পূরণ করা হচ্ছে কিনা তা আমরা পরীক্ষা করি। তারপর, আমরা নতুন সংক্রমণের দিকে দেখি: নতুন কেস এবং ইতিবাচক পরীক্ষার অনুপাত, উভয় দ্বারা পরিমাপ করে। আমরা কেসের তীব্রতাও বিবেচনা করি, যা নতুন হাসপাতালে ভর্তির দ্বারা পরিমাপ করা হয়। এবং সবশেষে আমরা হাসপাতালের ধারণ ক্ষমতা পর্যবেক্ষণ করি। আমরা সাবধানে পাঁচটি অঞ্চলের জন্য এই তথ্যগুলো দেখছি, যারা অগ্রসর হতে প্রস্তুত এবং সকল মেট্রিক্স জুড়ে একটি সামঞ্জস্যপূর্ণ সিগনাল দেখতে চাই। এই ড্যাশবোর্ডটি আমাদের একটি গুরুত্বপূর্ণ প্রারম্ভিক সতর্কীকরণের ব্যবস্থা প্রদান করে যদি ভবিষ্যতে প্রবণতাগুলি পরিবর্তিত হয়।"

ইউঅ্যালবেনিতে এপিডেমিওলজি ও বায়োস্ট্যাটিস্টিকস বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ এলি রোজেনবার্গ বলেন, "নিউ ইয়র্ক স্টেটের নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড সব দিকে COVID-19 এর মোকাবেলা করার জন্য যে অপরিহার্য তথ্য সংকলন করা আমাদের প্রয়োজন, তার জন্য এক মূল্যবান সরঞ্জাম হবে। আমি আরও উত্তেজিত যে নিউ ইয়র্কের অঞ্চলগুলোর অর্ধেক নিরাপদে পুনরায় খোলার ফেজ 2 এর উদ্দেশ্যে কাজ করছে, যা গুরুত্বপূর্ণ উপার্জন এবং চাকরী

প্রদান করবে খুচরা এবং রিয়েল এস্টেট কর্মীদের জন্য, যারা এই সঙ্কটের সময় তাদের কাজ হারিয়েছিলেন, এবং যখন নিকটভাবে আমরা নির্দেশকগুলি পর্যবেক্ষণ করতে থাকি যা রাজ্যের জনস্বাস্থ্য বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ।"

ড্রেক্সেল ইউনিভার্সিটির এপিডেমিওলজি অ্যান্ড বায়োস্ট্যাটিসটিক্স এর অ্যাসিস্ট্যান্ট প্রফেসর মাইকেল ল্যভ্যাস্যর বলেন, "সংকটের সময় স্বচ্ছতা থাকা গুরুত্বপূর্ণ। এই প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড একটি গুরুত্বপূর্ণ টুল নীতিনির্ধারকদের, ব্যবসার মালিক, এবং ব্যক্তিবর্গের জন্য তাদের সম্প্রদায়ের নিরাপত্তা সম্পর্কে তথ্য-ভিত্তিক সিদ্ধান্ত নেওয়ার জন্য। এই টুল ব্যবহার করা মানুষদের বোঝা গুরুত্বপূর্ণ যে কোনো একক মেট্রিক নির্ধারণ করতে পারে না স্বাভাবিক ক্রিয়াকলাপ পুনরায় শুরু করা কতটা নিরাপদ। পরীক্ষা বাড়ার সাথে সাথে আরো কেস সনাক্ত করা হবে, কিন্তু পরীক্ষায় ইতিবাচক ফল লাভের শতাংশ হ্রাস পেতে পারে। হাসপাতালে ভর্তি করার তথ্য কিন্তু আমাদের কমিউনিটির উপর থাকা রোগের বোঝা সম্পর্কে বলে এবং আমাদের হাসপাতালের ধারণ ক্ষমতা আমাদের ভবিষ্যতের বেগ নিয়ন্ত্রণ করা সম্পর্কে আমাদের ক্ষমতার সম্বন্ধে তথ্য প্রদান করে। এসব তথ্য জনগণকে প্রদান করার জন্য আপনাদের দলের প্রচেষ্টাকে সাধুবাদ জানাই।"

তথ্য বিশ্লেষণে গভর্নরের করোনাভাইরাস টাস্ক ফোর্সকে পরামর্শ দেওয়া নিয়ে সাহায্য করছেন অলাভজনক গবেষণা সংক্রান্ত গ্রুপ ইকোহেলথ অ্যালায়েন্সের ডিজিজ মডেলের ডঃ নোয়াম রস বলেন, "যখন এটি কোন জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরী অবস্থার বিষয় হয়, আমাদের অবশ্যই নীতি সংক্রান্ত সিদ্ধান্তের ক্ষেত্রে ডেটার অনুসরণ করতে হবে, এবং এই প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড রাজ্যে কি ঘটছে তা বোঝার জন্য প্রতিদিন যে সংখ্যাগুলির উপর নজর রাখতে হবে সেগুলি প্রতিফলিত করে। এটা গুরুত্বপূর্ণ যে জনগণ যে তথ্যগুলো সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করে তা দেখতে পান এবং আমি নিউ ইয়র্ক স্টেটের প্রশংসা করি এই তথ্য ব্যাপকভাবে সহজলভ্য করার জন্য।"

পরিশেষে, গভর্নর আরও 1,551 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 368,284-তে নিয়ে এসেছে। মোট 368,284 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1834	20
Allegany	45	0
Broome	557	12
Cattaraugus	86	1
Cayuga	89	5
Chautauqua	82	1
Chemung	137	1
Chenango	130	4
Clinton	95	0
Columbia	382	2

Cortland	39	0
Delaware	79	1
Dutchess	3887	20
Erie	5935	49
Essex	36	0
Franklin	21	1
Fulton	206	6
Genesee	199	2
Greene	237	1
Hamilton	5	0
Herkimer	107	1
Jefferson	74	2
Lewis	20	0
Livingston	118	0
Madison	310	0
Monroe	2860	36
Montgomery	84	2
Nassau	40226	86
Niagara	1008	24
NYC	201999	948
Oneida	988	29
Onondaga	2092	38
Ontario	205	4
Orange	10361	36
Orleans	216	4
Oswego	108	1
Otsego	71	1
Putnam	1241	5
Rensselaer	478	9
Rockland	13100	24
Saratoga	473	5
Schenectady	680	4
Schoharie	49	0
Schuyler	11	0
Seneca	57	1
St. Lawrence	202	1
Steuben	241	0
Suffolk	39445	86
Sullivan	1364	13
Tioga	126	0
Tompkins	157	1
Ulster	1663	5

Warren	254	1
Washington	232	1
Wayne	113	1
Westchester	33349	56
Wyoming	82	0
Yates	39	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন